দৈনিক
ইনকিলাব

তারিখ ... 26 DEC 2006 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ .....

# মাদ্রাসা শিক্ষার স্বতন্ত্র অস্তিত্ব রক্ষায় ইসলামী আরবী ভার্সিটি প্রতিষ্ঠা করুন -জমিয়াতুল মোদার্রেছীন

স্টাফ রিপোর্টার

বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীনের নির্বাহী কমিটির এক সভা গতকাল ২৫ ডিসেম্বর সভাপতি আলহাজ্ব এ.এম.এম. বাহাউদ্দীনের সভাপতিত্বে জমিয়াত মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সভায় ৮-এর পৃঃ ১-এর কঃ দেখুন

## মোদার্রেছীন

প্রথম পৃষ্ঠার পর

দেশের চলমান রাজনৈতিক পরিস্থিতি পর্যালোচনা করে বক্তব্য রাখেন নির্বাহী কমিটির সদস্যরা। সভায় মাদ্রাসা শিক্ষার স্বতন্ত্র অস্তিত্ব রক্ষা করে এর সার্বিক উন্নয়ন নিশ্চিত করার জন্য এফিলিয়েটিং ক্ষমতাসম্পন্ন ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা, সকল এবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের বেতন স্কেলের অন্তর্ভুক্ত করা, মাদ্রাসায় ৩০% মহিলা শিক্ষক নিয়োগের বাধ্যতামূলক আদেশ বাতিল করে হাজার হাজার শিক্ষক-কর্মচারীর ভোগান্তির অবসান ঘটানো, শিক্ষকদের বেতন বৈষম্য নিরসন, পদোন্নতি, বাড়ী ভাড়া, উৎসব ভাতা প্রদানসহ অন্যান্য দাবী দাওয়া আদায়ে দুর্বার আন্দোলন চালিয়ে যাওয়ার দৃঢ় প্রত্যয় পুনর্ব্যক্ত করা হয়। এ সকল ন্যায্য দাবী বাস্তবায়নের জন্য তত্ত্বাবধায়ক সরকারের প্রতি জোর দাবী জানানো হয় এবং এতে সহায়তাদানের জন্য রাজনৈতিক নেতৃবৃন্দের দৃষ্টি আকর্ষণ করা হয়।

সভায় বক্তব্য রাখেন সভাপতি আলহাজ্ব এ.এম.এম. বাহাউদ্দীন, সিনিয়র সহ-সভাপতি মাওলানা রুহুল আমিন খান, মহাসচিব মাওলানা শাব্বির আহমাদ মোমতাজী, মাওলানা শরাফত আলী (ছারছীনা), মাওলানা খলিলুর রহমান (ঝালকাঠী), মাওলানা শামসুল আলম